

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২.৪০৭

তারিখ: ১৯/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণে রিসোর্স পারসনদের সেশন বকটন সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে বিভিন্ন ট্রেডে ০৩ দিন মেয়াদী ৫টি ব্যাচে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনার জন্য অর্থ ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থে প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে সেশন নির্ধারণ করা হয়েছে:

ক্রমিক নং	প্রশিক্ষকের পদবী	সেশন সংখ্যা	মন্তব্য
১	উপপরিচালক, বিআরডিবি	১ টি	সংগঠন ও সঞ্চয়ের গুরুত্ব, সংগঠনের ব্যবস্থাপনা
২	উপজেলা নির্বাহী অফিসার	১ টি	বাল্য বিবাহের কুফল, নারীর ক্ষমতায়ন এবং আত্মকর্মসংস্থান সৃজন
৩	অফিসার ইনচার্জ (ওসি), বাংলাদেশ পুলিশ	১ টি	জজিবাদ, নারী নির্যাতন ও এ সংক্রান্ত অন্যান্য বিষয়ে সচেতনতা তৈরি
৪	জাতি গঠনমূলক সংস্থা (এনবিডিএস)	২ টি	সংশ্লিষ্ট আইজিএ ভিত্তিক
৫	প্রকল্প সদর দপ্তরের সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তা	১ টি	ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত সরাসরি/জুম এ্যাপ এর মাধ্যমে
৬	প্রশিক্ষক প্যানেল	৫-৬টি	সংশ্লিষ্ট আইজিএ ভিত্তিক
৭	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	১টি	সামাজিক সচেতনতা
	সর্বমোট	১৩টি	

২। উল্লেখ্য, ইতোমধ্যে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য জেলার উপপরিচালকের মাধ্যমে উপজেলা ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠন করা হয়েছে। তাছাড়া ৩ দিন মেয়াদী প্রশিক্ষণের মধ্যে ২য় দিন আবশ্যিকভাবে সংশ্লিষ্ট আইজিএ ভিত্তিক আদর্শ খামার/ফার্ম এ ব্যবহারিক প্রশিক্ষণের জন্য ৫টি সেশন পরিচালনার উদ্যোগ নিতে হবে।

৩। আরো উল্লেখ্য যে, ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণসমূহ প্রকল্প সদর দপ্তর হতে জুম এ্যাপের মাধ্যমে সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তা কর্তৃক সার্বক্ষণিক মনিটরিং করাসহ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী/সমাপনী সেশন সরাসরি/জুম এ্যাপের মাধ্যমে বিআরডিবি/প্রকল্প/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক করা হবে বিধায় যে কোন প্রশিক্ষণ কোর্স শুরুর ন্যূনতম ৩ দিন পূর্বে প্রশিক্ষণ সূচি প্রকল্প সদর দপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণের জন্য বর্ণিত রিসোর্স পারসন ও প্রশিক্ষণের বিষয় প্রকল্প কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত পরিবর্তন করা যাবে না।

এমতাবস্থায়, উপরিলিখিত নির্দেশনা মোতাবেক প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণসমূহ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন ৪০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সকল জেলা)।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ..... (সকল উপজেলা)।
- অফিস নথি।